

তারিখঃ ৯ ই অক্টোবর, ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি



৮ই অক্টোবর, ২০২৩ তারিখে সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এবং সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) এর যৌথ উদ্যোগে ঢাকার লে মেরিডিয়ান হোটেলে ‘বিশ্ববিনিয়োগকারী সপ্তাহ-২০২৩’ উদযাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিসিবিএল এর চেয়ারম্যান মেজর জেনারেল মোঃ ওয়াহিদ উজ জামান বিএসপি (বার), এনডিসি, এওডব্লিউসি, পিএসসি, টিই (এলপিআর)। সভায় সভাপতিত্ব করেন সিডিবিএল এর চেয়ারম্যান জনাব শেখ কবির হোসেন।

অনুষ্ঠানের প্রারম্ভে স্বাগত বক্তব্য রাখেন সিডিবিএল এর ভারপাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ আব্দুল মোতালেব। অনুষ্ঠানে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তিনি বিনিয়োগকারীদের জন্য সিডিবিএল এর বিভিন্ন সেবা তুলে ধরেন এবং পুঁজিবাজারে টেকনোলজি ব্যবহারের উপর জোর দেন।

মূল প্রবন্ধ উপস্থাপনা করেন সিসিবিএল এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব ফরহাদ আহমেদ। তিনি বিশ্ববিনিয়োগকারী দিবস ২০২৩ উপলক্ষে বিনিয়োগকারীদের প্রতি সিকিউরিটিজ মার্কেটের **standard setter IOSCO** এর মূল বার্তা গুলো তুলে ধরেন। তাছাড়া জালিয়াতি এবং প্রতারণা প্রতিরোধে এবং সম্পদের নিরপত্তার জন্য একজন বিনিয়োগকারীর কী করা উচিত এবং এই ধরনের ঘটনার সম্মুখীন হলে কোথায় এবং কিভাবে অভিযোগ দাখিল করতে হবে তাও উল্লেখ করেন।

উক্ত অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন প্রাইম ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মোঃ মনিরুজ্জামান। তিনি বিনিয়োগকারীদের জেনে বুঝে এবং কোম্পানি বিশ্লেষণ করে বিনিয়োগ করার উপর জোর দেন।

অনুষ্ঠানের বিশেষ অতিথির বক্তব্যে সিসিবিএল এর চেয়ারম্যান মেজর জেনারেল মোঃ ওয়াহিদ উজ জামান বিএসপি (বার), এনডিসি, এওডব্লিউসি, পিএসসি, টিই (এলপিআর) বলেন সিসিবিএল এবং সিডিবিএল এর যৌথভাবে আয়োজিত আজকের অনুষ্ঠানের থিম হচ্ছে ‘জালিয়াতি এবং প্রতারণা প্রতিরোধ’। তিনি বিগত

বিশ্ববিনিয়োগকারী দিবস ২০২২ উদযাপনের বিভিন্ন পরিসংখ্যান তুলে ধরেন। তিনি বলেন বিনিয়োগকারীদের সুরক্ষা নিশ্চিত না করা গেলে কোন মার্কেটের প্রবৃদ্ধি স্থিতিশীলভাবে হবে না। তিনি বলেন দেশের পুঁজিবাজারের স্বার্থে দ্রুত CCP বাস্তবায়ন অত্যন্ত জরুরি। CCP কার্যক্রম শুরু হওয়ার পর বিশ্বপুঁজিবাজারে যেমন ভারতের পুঁজিবাজারে লেনদেন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। অনুরূপভাবে CCBL এর কার্যক্রম শুরুর পর বাংলাদেশের পুঁজিবাজারে লেনদেনও ব্যাপকভাবে বৃদ্ধি পাবে এই আশা ব্যক্ত করেন। তিনি বলেন সিসিবিএল এর কার্যক্রম শুরু হলে পুঁজিবাজার বিভিন্নভাবে উপকৃত হবে যেমন- সকল প্রকার লেনদেন নিষ্পত্তির নিশ্চয়তা প্রদান, পুঁজিবাজারে তারল্য বৃদ্ধি, নতুন নতুন পণ্য যেমন **Derivative, Commodity** ইত্যাদি প্রবর্তন করতে সহায়তা, আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম এবং পুঁজিবাজারে বিদেশী বিনিয়োগ বাড়াতে সাহায্য করা ইত্যাদি।

অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে সিডিবিএল এর চেয়ারম্যান জনাব শেখ কবির হোসেন বলেন এই বৎসর বিশ্ববিনিয়োগকারী দিবসের অনুষ্ঠানের মূল বিষয় সমূহ হচ্ছে **Investor Resilience, Crypto Assets, and Sustainable Finance, Frauds and Scams Prevention, Basics of Investing, Technology and Digital Finance** ইত্যাদি। তিনি বলেন বিনিয়োগকারীরাই হলো পুঁজিবাজারের প্রাণ। তাদের পুঁজি যত নিরাপদ থাকবে এবং তাদের অভিযোগ গুলো যত সহজে ও দ্রুততম সময়ে সমাধান করা যাবে ততই পুঁজিবাজারের প্রতি বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি পাবে। তিনি বলেন সিডিবিএল শুরু থেকেই পুঁজিবাজারের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষায় বিভিন্ন ধরনের সেবা প্রদান করে যাচ্ছে যার মাধ্যমে পুঁজিবাজারে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো বৃদ্ধি পেয়েছে। পুঁজিবাজারের স্বার্থে বিএসইসি এর যেকোন উদ্যোগে সিডিবিএল সব সময় পাশে ছিল এবং থাকবে।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত- উল- ইসলাম দেশের অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন দীর্ঘ মেয়াদী বিনিয়োগের জন্য পুঁজিবাজার সবচেয়ে উপযুক্ত স্থান। বর্তমান কমিশন পুঁজিবাজারের উন্নয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে যেমন বিভিন্ন দেশে রোড শো'র মাধ্যমে বিদেশী বিনিয়োগকারীদের পুঁজিবাজারের প্রতি আকর্ষণ করা। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন গুজব থেকে দূরে থাকতে বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান এবং সংশ্লিষ্ট সবাইকে গুজব প্রতিরোধে এগিয়ে আসার আহ্বান করেন।

অনুষ্ঠানের ধন্যবাদ বক্তব্যে সিডিবিএল এর ভাইস চেয়ারম্যান ও সিসিবিএল এর পরিচালক জনাব এ কে এম নুরুল ফজল বুলবুল অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি, মূল উপস্থাপক, আলোচক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দ এবং অনুষ্ঠানে সকল অতিথির সদয় উপস্থিতির জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

রাকিবুল ইসলাম চৌধুরী
জেনারেল ম্যানেজার, সিডিবিএল

অনন্ত কুমার সরকার
কোম্পানী সেক্রেটারী, সিসিবিএল